CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGGE–501T/373**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGGE–501T

[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো কুড়িটা) : ১×২০=২০

১। ‘চর্যাপদ’-এর প্রথম পদটি কার রচিত ?

২। কোথা থেকে ‘চর্যাগীতি’র পুথি আবিষ্কৃত হয় ?

৩। হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী ?

৪। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। 'রাধাবিরহ' অংশটিকে কে প্রক্ষিপ্ত বলেছেন?

৬। বিদ্যাপতি কোন্ মিথিলারাজের সুহৃদ ছিলেন?

৭। চৈতন্য-পরবর্তী যুগের একজন বৈষ্ণব কবির নাম লেখো।

৮। কবি জ্ঞানদাস কোন্ কবির ভাবশিষ্য ছিলেন?

৯। 'পূর্বরাগ'-এর শ্রেষ্ঠ কবি কে?

১০। 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়?

১১। প্রাচীনতম 'মঙ্গলকাব্য'ধারা কোনটি?

১২। নারায়ণ দেব কোন্ শতকের কবি ছিলেন?

১৩। 'ধর্মমঙ্গল' কাব্যের আদিকবি কে?

১৪। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত?

১৫। 'মনসাবিজয়' কে রচনা করেছেন?

১৬। "কৃত্তিবাস এ বঙ্গের অলঙ্কার।" উক্তিটি কার?





১৭। কৃত্তিবাসের পিতার নাম কী?

১৮। 'মহাভারত'-এর প্রথম অনুবাদক কে?

১৯। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?

২০। কাশীরাম দাসের 'মহাভারত' প্রথম কোথা থেকে মুদ্রিত হয়েছিল?

২১। 'শাক্তপদাবলী'র প্রধান রস কী?

২২। 'সাধকরঞ্জন' কার রচনা?

২৩। কমলাকান্ত ভট্টাচার্য কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠ?

২৪। 'পদুমাবৎ' অবলম্বনে 'পদ্মাবতী' কে রচনা করেছিলেন?

২৫। আরাকান রাজসভার প্রথম বাঙালি কবি কে?

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ২×৫=১০

২৬। 'চর্যাপদ' কোথা থেকে, কী নামে পুস্তকাকারে প্রকাশিত হয়েছিল?

২৭। কত সালে, কোথা থেকে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি প্রকাশিত হয়েছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৮। 'বৈষ্ণব পদাবলী' ছাড়া বিদ্যাপতি রচিত অন্য দুটি গ্রন্থের নাম লেখো।

২৯। 'ব্রজবুলি' কাকে বলে?

৩০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।

৩১। 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি কয়টি এবং কী কী?

৩২। কৃত্তিবাস ওঝার জন্মতিথি ও জন্মবার কী ছিল?

৩৩। সপ্তদশ শতকের দুজন 'মহাভারত' অনুবাদকের নাম লেখো।

৩৪। উমা সঙ্গীত কাকে বলে?

৩৫। দৌলত কাজীর রোমান্টিক আখ্যানকাব্যটির নাম কী? তিনি কোন্ রাজ্যসভায় সাদরে গৃহীত হয়েছিলেন?

## SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ৮×৫=৪০

৩৬। বাংলা সাহিত্যের ইতিহাসে 'চর্যাপদ'-এর গুরুত্ব আলোচনা করো।

৩৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করো।

৩৮। বিদ্যাপতির পদাবলীর একটি রসগ্রাহী আলোচনা করে তাঁর কবিকৃতির বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।





৩৯। চৈতন্য মহাপ্রভুর জীবনকে অবলম্বন করে বাংলা ভাষায় রচিত যে কোনো একটি জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪০। 'মনসামঙ্গল'-এর কবি দ্বিজ বংশীদাস ও কেতকাদাস ক্ষেমানন্দের কবিকৃতি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

৪১। মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'-এর 'আখেটিক' খণ্ড অবলম্বনে সে কালের বাঙালি সমাজজীবনের পরিচয় দাও।

৪২। কৃত্তিবাসী 'রামায়ণ'-এর রচনা-বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৪৩। বাংলা ভাষায় সংস্কৃত 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও।

৪৪। 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলিতে মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

৪৫। সপ্তদশ শতকের মুসলমান মহাকবি আলাওলের সাহিত্য কীর্তির পরিচয় দাও।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGSEC–501T/372**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGSEC–501T

**( বর্ণনামূলক বাংলা ব্যাকরণ )**

*পূর্ণমান* : ৫০

*উত্তীর্ণমান* : ২০

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পনেরোটা) : ১×১৫=১৫

১। মৌলিক শব্দ ছাড়া অন্য সব শব্দকে কী বলে?

২। ধ্বন্যাত্মক শব্দের একটি উদাহরণ দাও।

৩। বাংলায় গৃহীত একটি ফারসি শব্দের দৃষ্টান্ত দাও।

৪। 'জল-টল' শব্দের কোন্ অংশটি অনুকার শব্দ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। সন্ধি কয় প্রকার?

৬। স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের মিলনকে কী সন্ধি বলে?

৭। "জীবননাশের আশঙ্কায় যে বীমা = জীবনবীমা"—কোন্ কর্মধারয় সমাসের উদাহরণ?

৮। তৎপুরুষ সমাস কয় প্রকার?

৯। বাংলা ব্যাকরণে পদকে কয় ভাগে ভাগ করা হয়েছে?

১০। অব্যয় পদের একটি উদাহরণ দাও।

১১। সংজ্ঞাবাচক বিশেষ্য-এর একটি উদাহরণ দাও।

১২। কর্ম অনুসারে ক্রিয়া কয় প্রকার?

১৩। সর্বনাম কয় প্রকার?

১৪। সর্বনাম কথাটির আক্ষরিক অর্থ কী?

১৫। প্রশ্নবাচক সর্বনামের একটি উদাহরণ দাও।

১৬। পুরুষভেদে সর্বনামের প্রকারভেদ কয়টি?

১৭। গঠন অনুসারে ক্রিয়া কয় প্রকার?





১৮। মৌলিক ক্রিয়ার একটি উদাহরণ দাও।

১৯। অসমাপিকা ক্রিয়ার একটি উদাহরণ দাও।

২০। প্রযোজক ক্রিয়ার একটি উদাহরণ দাও।

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ২×৫=১০

২১। শব্দদ্বৈত কাকে বলে?

২২। মৌলিক শব্দ কাকে বলে?

২৩। বিসর্গ সন্ধি কাকে বলে?

২৪। সমাস কাকে বলে? সমাস কত প্রকার ও কী কী?

২৫। যৌগিক ক্রিয়া কাকে বলে?

২৬। সমাপিকা ক্রিয়ার সংজ্ঞা লেখো।

২৭। ব্যক্তিবাচক সর্বনাম বলতে কী বোঝ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৮। নির্দেশক সর্বনাম কয় প্রকার ও কী কী?

২৯। মৌলিক ক্রিয়ার সংজ্ঞা দাও।

৩০। অকর্মক ক্রিয়া বলতে কী বোঝ?

## SECTION—C

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ৫×৫=২৫

৩১। উদাহরণসহ বাংলা শব্দভাণ্ডারে গৃহীত বিদেশি আগন্তুক শব্দগুলো সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩২। সংকর বা মিশ্রশব্দ কাকে বলে? বাংলা শব্দভাণ্ডারে ব্যবহৃত এরূপ পাঁচটি মিশ্রশব্দ বিশ্লেষণ করে দেখাও।

৩৩। সন্ধি ও সমাসের মূল পার্থক্যটি কী, উদাহরণসহ আলোচনা করো।

৩৪। তোমার পঠিত ব্যাকরণ গ্রন্থে কয় প্রকার বহুব্রীহি সমাসের কথা বলা হয়েছে? সেগুলির একটি করে উদাহরণ দাও।

৩৫। বিশেষ্য পদকে কয়টি উপবিভাগে ভাগ করা হয়েছে? বিভাগগুলির নাম উল্লেখ করে উদাহরণসহ যে কোনো দুটি উপবিভাগের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩৬। ক্রিয়া বিশেষণের সংজ্ঞা দাও। শব্দদ্বৈতযোগে, অসমাপিকা ক্রিয়াযোগে এবং সপ্তমী বিভক্তিযোগে গঠিত ক্রিয়া বিশেষণের একটি করে উদাহরণ দাও।





৩৭। সর্বনাম-এর সংজ্ঞা ও প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

৩৮। প্রশ্নসূচক সর্বনাম ও অনিশ্চয়সূচক সর্বনাম সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩৯। উদাহরণসহ ধ্বন্যাত্মক ধাতুজ ক্রিয়ার পরিচয় দাও।

৪০। উদাহরণসহ সংযোগমূলক ক্রিয়া ও যৌগিক বা মিশ্রক্রিয়ার পার্থক্য নির্ণয় করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSE–501T

( বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য )

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থে সর্বমোট কয়টি কবিতা আছে?

২। কোন্ দেশ ভ্রমণ শেষে রবীন্দ্রনাথ 'শিশু ভোলানাথ'-এর কবিতাগুলি লিখতে বসেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। "শিশু হবার ভরসা আবার
জাগুক আমার প্রাণে,"
পঙ্‌ক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

৪। "এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।"
কে আকাশে উঁকি মারে?

৫। "... ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমীরে
পথ শুধিয়ে নিতেম আমি ..."
শিশুসাহিত্যের কোন্ শাখায় 'ব্যাঙ্গমা আর ব্যাঙ্গমী'-দের দেখা পাওয়া যায়?

৬। দক্ষিণারঞ্জন মিত্রমজুমদারের জন্মসন কত?

৭। 'ঠাকুরমার ঝুলি'র লেখকের মায়ের নাম কী?

৮। 'সুখু আর দুখু' গল্পটি 'ঠাকুরমার ঝুলি'র কোন্ খণ্ডের অন্তর্ভুক্ত?

৯। 'কাঁকনমালা কাঞ্চনমালা' গল্পে আসল রাণী কে?

১০। 'কিরণমালা' গল্পে তিন বোনের মধ্যে কোন্ বোন রাজার সঙ্গে বিয়ের বাসনা প্রকাশ করেছিল?





১১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরী কোন্ জেলায় জন্মগ্রহণ করেন?

১২। সুকুমার রায় উপেন্দ্রকিশোরের কে হন?

১৩। 'গুপি গাইন বাঘা বাইন' চলচ্চিত্রের মূল গল্পটির লেখক কে ছিলেন?

১৪। "রাজার ঘরে যে ধন আছে
টুনির ঘরেও সে ধন আছে।"
কোন্ গল্পে টুনটুনি একথা বলেছিল?

১৫। নরহরি দাস আসলে কে?

১৬। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পিতার নাম কী?

১৭। বিদ্যাসাগরের 'শকুন্তলা' গ্রন্থটি কোন্ গ্রন্থ থেকে অনূদিত?

১৮। কোন্ কলেজ ঈশ্বরচন্দ্রকে 'বিদ্যাসাগর' উপাধিতে ভূষিত করে?

১৯। হিন্দু কলেজ বর্তমানে কী নামে পরিচিত?

২০। বিদ্যাসাগরের জীবনের সবথেকে সেরা সমাজ-সংস্কারমূলক কাজ কোনটি?

২১। কথাসাহিত্যিক শংকরের আসল নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। তোমার পঠিত 'অচেনা অজানা বিবেকানন্দ' ছাড়া শংকর রচিত অন্য একটি বিবেকানন্দ-বিষয়ক গ্রন্থের নাম লেখো।

২৩। স্বামী বিবেকানন্দের একজন ভাইয়ের নাম লেখো।

২৪। স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত মঠটির নাম কী?

২৫। স্বামীজীর জন্মসন কত?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

২৬। রবীন্দ্রনাথের পিতার নাম কী? কবি কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?

২৭। ''আমি যে রোজ সকাল হলে
যাই শহরের দিকে চলে''
কার, কী ধরনের গাড়ি চড়ে কবিতার কথক শহরের দিকে যাত্রা করেন?

২৮। কার সহায়তায়, কোন্ প্রকাশনা সংস্থা থেকে 'ঠাকুরমার ঝুলি' প্রকাশিত হয়েছিল?

২৯। 'শীত বসন্ত' গল্পে দুয়োরাণীর দুই ছেলে—তাদের নাম কী কী?





৩০। ''প্রণাম হই মহারাণী''—কে, কাকে 'মহারাণী' বলে সম্বোধন করেছে?

৩১। কুঁজো বুড়ির কুকুর দুটির নাম কী ছিল?

৩২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কবে, কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?

৩৩। ঈশ্বরচন্দ্রের স্বরচিত জীবনীগ্রন্থটির নাম কী? তাঁর রচিত একটি ব্যাকরণ গ্রন্থের নাম লেখো।

৩৪। ''আমার ছেলে চব্বিশ বছর বয়সে সন্ন্যাসী হয়েছিল''—এই কথা বলতেন তাঁর গর্ভধারিণী। এখানে 'গর্ভধারিণী' কে? তিনি কীভাবে ইংরেজি শিখেছিলেন?

৩৫। স্বামী বিবেকানন্দের মাতৃভক্তি প্রসঙ্গে লেখক শংকর দুজন মহাপুরুষের মাতৃভক্তির উল্লেখ করেছেন। সেই দুজন মহাপুরুষ কে কে?

## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। '' 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থের কবিতাগুলিতে শিশু রবীন্দ্রনাথের নিজের শৈশব জীবনের নানা রঙ-বেরঙের লীলাখেলা বর্ণিত হয়েছে।'' তোমার পাঠ্য কবিতাগুলিতে এই মন্তব্যের সমর্থন পাওয়া যায় কি না, আলোচনা করো।

৩৭। 'শিশু ভোলানাথ' সম্বন্ধে রবীন্দ্রনাথ 'পশ্চিম যাত্রীর ডায়ারি'তে লিখেছেন—''অন্তরের মধ্যে যে শিশু আছে তারই খেলার ক্ষেত্র লোকে লোকান্তরে বিস্তৃত।'' তোমার পাঠ্য যে কোনো দুটি কবিতা অবলম্বনে মন্তব্যটির সারবত্তা আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৮। "দক্ষিণারঞ্জন মিত্রমজুমদারের 'ঠাকুরমার ঝুলি' রোমান্স-ভরা গল্পের সমাহার।" আলোচনা করো।

৩৯। 'ঠাকুরমার ঝুলি'র ভূমিকায় রবীন্দ্রনাথ লিখেছেন—"তিনি ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলিয়া পুঁতিয়াছেন তবু তাহার পাতাগুলি প্রায় তেমনি সবুজ, তেমনি তাজাই রহিয়াছে; রূপকথার সেই বিশেষ ভাষা, বিশেষ রীতি, তাহার সেই প্রাচীন সরলতাটুকু তিনি যে এতটা দূর রক্ষা করিতে পারিয়াছেন, ইহাতে তাঁহার সূক্ষ্ম রসবোধ ও স্বাভাবিক কলানৈপুণ্য প্রকাশ পাইয়াছে।" তোমার পঠিত যে কোনো একটি গল্প অবলম্বনে রবীন্দ্র কথিত এই 'কলানৈপুণ্য' কীভাবে প্রকাশ পেয়েছে, দেখাও।

৪০। "উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই' উপকথার একটি উল্লেখযোগ্য নিদর্শন।" উপকথা সম্পর্কে বিস্তৃত আলোচনা করে এই মন্তব্যের যৌক্তিকতা প্রতিপন্ন করো।

৪১। "বুদ্ধি, সাহসিকতা ও ঐক্যবদ্ধ শক্তির জোরে ক্ষুদ্র শক্তির অধিকারী হয়েও বৃহৎ শক্তির অন্যায় জুলুম কীভাবে প্রতিহত করা যায়, 'টুনটুনির বই'-এর অনেক গল্পে তারই কৌতুকপূর্ণ পরিণাম দেখা যায়।" তোমার পঠিত যে কোনো একটি গল্প অবলম্বনে ক্ষুদ্র শক্তির জয় কীভাবে ঘটেছে, আলোচনা করো।

৪২। তোমার পাঠ্য 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' গ্রন্থে 'নারীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে' পাঠে নারীদের নিয়ে বিদ্যাসাগরের যে চিন্তাধারার প্রতিফলন ঘটেছে তার বর্ণনা দাও।





৪৩। "বিদ্যাসাগর বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী ছিলেন। তৎপূর্বে বাংলা গদ্যের সূচনা হইয়াছিল, তিনিই সর্বপ্রথমে বাংলা গদ্যে কলানৈপুণ্যের অবতারণা করেন।" রবীন্দ্রনাথের এই উক্তির আলোকে 'বাংলা গদ্যের স্রষ্টা'রূপে বিদ্যাসাগরের অবদান বিষয়ে আলোকপাত করো।

৪৪। শংকরের 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে জমি বিবাদে ব্যতিব্যস্ত মাকে স্বামী বিবেকানন্দ কীভাবে সাহায্য করেছিলেন সে বিষয়টি সম্পর্কে আলোকপাত করো।

৪৫। শংকর রচিত 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অধ্যায় অবলম্বনে স্বামী বিবেকানন্দের পিতা বিশ্বনাথ দত্ত সম্বন্ধে যা জান লেখো।

★★★